

## মানুষ মামুন

কমপিউটারের হার্ড ড্রাইভ থেকে কত সহজে চাইলে সবকিছু মুছে ফেলা যায় তেমনি যদি কষ্ট দেওয়া ঘটনাগুলো মুছে ফেলা যেতো, স্বস্তি হতো। তবে তা যায়না, যাবেনা।

পিলখানা বর্বরতায় অনেক অমূল্যপ্রাণ ঝরে পড়েছে। শুধু ক্ষোভে ফেটে পড়া কতিপয় কীটানুকীট জীবের জিগাৎসার বলী এরা হয়েছেন তা নয়। বর্তমান বিশ্বে নানা উচ্ছ্বাসে যে বিভৎসতার উৎকট উপস্থিতি আজ তাই কি সহজ করেনি মানুষের এই দানবিক আচরণ?

ঢাকা থেকে ফোনে ব্যথিত ও ভীত গলায় ভাইজি জানালো খবর ‘মামুন কাক্কু আর নাই’।

অনুজের বন্ধু ছিল মামুন। দেখেছি মাঝেমধ্যে। মামুনের বিয়ের কথাবার্তায় জড়িয়ে গিয়েছিলাম আপনজনের মত। আজ সেনাকর্মকর্তা মামুন নয় বন্ধুরা মানুষ মামুনের কথা ভুলতে পারছেন।

স্বৈরাচারবিরোধী আন্দোলনে মামুনের বন্ধুরা রাজপথে প্রাণ তুচ্ছ করে ছুটছে, ছুটছে। পুলিশও তাড়িয়ে বেড়াচ্ছে ওদের। আমেরিকা থেকে অঞ্জন বলছে

‘পুলিশের হাত থেকে বাঁচাতে মামুন সরকারী ভবনে(নাম উহ্য রাখলাম) কতবার যে লুকিয়ে রেখে গ্রেফতার ও পুলিশী অত্যাচার থেকে রক্ষা করেছে আমাকে’

স্বৈরাচারটি ছিলেন মামুনের মামু।

মেলবোর্ন থেকে অতোশ লিখছে

Mamun helped me appreciate 'Khalil Gibran' .... He was Ershad's nephew, but had a "so very different psyche", and this is from me knowing him when Ershad was at his peak! You couldn't but love him for what he was!

অঞ্জন লিখছে

I am not the best religious person in the world. In a moment like this, having an Almighty God to lean on is the best you can have. I am quoting a message from a friend I received yesterday, "This verse from the Quran has been in my mind: on that day no soul shall be wronged; and you shall be rewarded for only what you did." My friend Mamun was not corrupt. My friend never harmed anyone beyond the call of duty".

মামুনের বন্ধুরা বিচার চায় তবে জিজ্ঞাসাবাদ ও স্বীকারক্ৰি আদায়ে গুয়ান্তানামোয় চালানো বুশীয় কায়দায় বর্বরতা প্রয়োগের ঘোর বিরোধী তারা। সকল বিবেকবান মানুষ আজ ন্যায্য বিচার চায়, বিচার শেষে ঝুলানো হউক ফাঁসিতে, মরুক পচে জেলেতে তার আগে নিষ্ঠুর আচরণ কিছুতেই নয়।

দিলরুবা শাহানা

মেলবোর্ন